দৈনিক খবর

তারিখ ... 15 OCT 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

সংপুর মাদ্রাসা কর্তৃপক্ষ

# ক্ষতিপূরণ নয়, সরকারী তহবিল থেকে টাকা দেয়া হয়েছে

।। সিলেট অফিস ।।

১৪ই অক্টোবর।- আজকের দৈনিক খবর-এ প্রকাশিত '২৫ হাজার টাকা ক্ষতিপূরণ নিয়ে আপোষ ঃ আজ সংপুর মাদ্রাসা খুলছে' শীর্ষক সংবাদের প্রতিবাদ করেছেন মাদ্রাসা কর্তৃপক্ষ। তারা বলছেন, ক্ষতিপূরণ নিয়ে আপোষ কথাটি ঠিক নয়। আসলে উক্ত অর্থ সরকারী তহবিল থেকে দেয়া হয়েছে। কেউ ব্যক্তিগতভাবে তা দেয়নি।

নেতৃবৃন্দ জানান, পরিবহণ মালিক

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## ক্ষতিপূরণ নয়

প্রথম পৃষ্ঠার পর

কিংবা শ্রমিক পক্ষের সাথে এখন পর্যন্ত কোন আপোষ হয়নি। গতকাল ১৩ই অক্টোবর পরিবহণ শ্রমিক নেতৃবৃন্দ অগ্নিসংযোগের সাথে জড়িত দোষী ব্যক্তিদের ১১ সদস্যবিশিষ্ট বিচারকমন্ডলীর নিকট হাজির করার সিদ্ধান্ত থাকলেও তারা তা করেননি। এ বিষয়ে পরবর্তী কর্মপন্থা নির্ধারণ করার নিমিত্তে আজ প্রতিকার কমিটির জরুরী সভা বসেছে। এ রিপোর্ট পাঠানো পর্যন্ত সিদ্ধান্ত জানা যায়নি।

7